

া যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ যাকাতুল ফিতর ধার্য করার হিকমত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যাকাতুল ফিতর ধার্য করার হিকমত

ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু বলেন,

«فرض رسول الله _ صلى الله عليه وسلم «زكاة الفِطر: طُهْرَةً للصائم من اللَّغو والرَفَث _ (وهو الفُحش مِن الكلام) ، وَطُعْمَة للمساكين».

"সিয়াম পালনকারীর বেহুদা আচরণ ও বাজে কথাবার্তা থেকে পবিত্রতা এবং ফকীরদের খাবারস্বরূপ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাকাতুল ফিতর ফর্য করেছেন"।[1]

যাকাতুল ফিতর আদায় করার জিম্মাদার: বাড়ির অভিভাবক নিজের ও পরিবারের সবার পক্ষে যাকাতুল ফিতর আদায় করবেন, যাদের ভরণ-পোষণ তার দায়িত্বে রয়েছে, যদি সে নিজের ও পরিবারের মৌলিক প্রয়োজন অধিক সম্পদের মালিক হয়, যেমন দিন-রাতের স্বাভাবিক খাবার, পোশাক, ঘর-ভাড়া, বিদ্যুৎ বিল ও অন্যান্য জরুরি খরচ মৌলিক প্রয়োজনের অন্তর্ভুক্ত, যা পরিশোধ না করলে ক্ষতিগ্রস্ত হবে।

>

ফুটনোট

[1] আবু দাউদ, হাদীস নং ১৬০৯। হাদীসটি হাসান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10146

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন